

# যুগান্তর

প্রিন্ট: ২৪ মে ২০২৬, ১০:০৪ এএম

শিক্ষাঙ্গন

## জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য নতুন নির্দেশনা

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৩ মে ২০২৬, ০১:৩৩ পিএম





# জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

২০২৫ সালের স্নাতক (সম্মান) তৃতীয়বর্ষ পরীক্ষাকে সামনে রেখে শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি ও ইনকোর্স পরীক্ষায় নম্বরের বিষয়ে কঠোর নির্দেশনা দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। নির্দেশনা অনুযায়ী, কোনো শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতির ৫ নম্বরের মধ্যে ন্যূনতম ৩ নম্বর না পেলে তাকে চূড়ান্তভাবে ফরম পূরণের জন্য অযোগ্য বিবেচনা করা হবে।

শুক্রবার (২২ মে) প্রকাশিত ইনকোর্স পরীক্ষা ও নম্বর প্রেরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

**দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে আজ থেকে ছুটি শুরু**

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ইনকোর্সে ২০ নম্বরের মধ্যে ১৫ নম্বর পরীক্ষার মাধ্যমে এবং ক্লাসে উপস্থিতির জন্য ৫ নম্বর নির্ধারণ করা হয়েছে। তবে কোনো শিক্ষার্থী ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে ৫ নম্বরের মধ্যে ন্যূনতম ৩ নম্বর না পেলে তাকে চূড়ান্তভাবে ফরম পূরণে যোগ্য বিবেচনা করা হবে না।



